



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/20/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অনলাইন নিরাপত্তা প্যাকেজ বিধিমালা স্বাক্ষর করেছেন

বিধিমালা (S.623/A.2206) নিউ ইয়র্ক স্টেটে সাইবার বুলিয়িং এর প্রভাব অনুধাবন করার জন্য এবং এই ধরনের প্রভাব মোকাবেলায় সম্ভাব্য পদক্ষেপ নির্ধারণ করার জন্য একটি টাস্কফোর্স প্রতিষ্ঠা করবে

বিধিমালা (S.2956A/A.324) সেকেন্ড ডিগ্রিতে জবরদস্তি অপরাধের সংজ্ঞা সম্প্রসারণ করে অন্তরঙ্গ ছবির উৎপাদন বা প্রচারকে অন্তর্ভুক্ত করে

গভর্নর ক্যাথি হোকল আজ একটি অনলাইন নিরাপত্তা প্যাকেজ বিধিমালা স্বাক্ষর করেছেন। বিধিমালা (S.623/A.2206) নিউ ইয়র্ক স্টেটে সাইবার বুলিয়িং এর প্রভাব অনুধাবন করার জন্য এবং এই ধরনের প্রভাব মোকাবেলায় সম্ভাব্য পদক্ষেপ নির্ধারণ করার জন্য একটি টাস্কফোর্স প্রতিষ্ঠা করবে। বিধিমালা (S.2956A/A.324) সেকেন্ড ডিগ্রিতে জবরদস্তি অপরাধের সংজ্ঞা সম্প্রসারণ করে অন্তরঙ্গ ছবির উৎপাদন বা প্রচারকে অন্তর্ভুক্ত করে।

"আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ আর কিছুই নয়, এবং যখন প্রযুক্তি এগিয়ে যাচ্ছে, নিউ ইয়র্কবাসীদের অনলাইনে হয়রানির হাত থেকে রক্ষা করার জন্য কঠোর আইন থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "আমি এই বিলগুলিকে আইনে স্বাক্ষর করতে পেরে গর্বিত যাতে নিউ ইয়র্কবাসীরা নিশ্চিন্তে থাকতে পারেন যে তারা আরও নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশে অনলাইনে সময় কাটাতে পারবেন।"

বিধিমালা S.623/A.2206 সাইবার বুলিয়িং এর প্রভাব অনুধাবন করার জন্য এবং এই ধরনের প্রভাব মোকাবেলা করার জন্য একটি টাস্কফোর্স তৈরি করে। টাস্কফোর্স সাইবার বুলিয়িং এর ব্যাপকতা নির্ধারণ করবে, এটি কিভাবে ঠেকানো যায় সে সম্পর্কে সুপারিশ করবে, এবং স্টেট কিভাবে স্কুল সেটিং এর বাইরে বুলিয়িং এর শিকার হওয়া শিশুসহ সাইবার বুলিয়িং এর শিকার প্রাপ্তবয়স্ক এবং শিশুদের সহায়তায় একটি সম্পদ হিসাবে কাজ করতে পারে।

বিধিমালা S.2956A/A.324 জবরদস্তি অপরাধের সংজ্ঞা সম্প্রসারণ করে অন্তরঙ্গ ছবির উৎপাদন বা প্রচারকে অন্তর্ভুক্ত করে। এই সংশোধন যেসব ব্যক্তি অন্য ব্যক্তিকে শারীরিক বা আবেগ সংক্রান্ত অত্যাচারের হুমকির মুখে অন্তরঙ্গ ছবি তৈরি বা বিতরণ করতে বাধ্য করে তাদেরকে আইনের অধীনে দায়বদ্ধ করবে।

সিনেটর সাম্রা ব্রুক বলেন, "অত্যাচারকারীদের দায়বদ্ধ করতে হবে, এবং প্রযুক্তির বিবর্তনের সাথে সাথে আমাদের আইনকেও বিবর্তিত হতে হবে। এই বিধিমালা স্বাক্ষর করার মাধ্যমে, গভর্নর হোকল সকল ব্যবহারকারীদের জন্য আমাদের ইন্টারনেটকে নিরাপদ এবং জবরদস্তি মুক্ত রাখতে সহায়তা করছেন, বিশেষ করে অপারপ্ত বয়স্কদের মত আমাদের কমিউনিটির ঝুঁকিপূর্ণ সদস্যদের জন্য।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "সাইবার বুলিয়িং স্টেটজুড়ে একটি গুরুতর সমস্যা - এবং একে থামানোর জন্য আমাদের একটি পরিকল্পনার প্রয়োজন। এই বিল স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ যা আমাদের কিশোরদের জন্য এই বিপদটিকে গবেষণা করতে টাঙ্কফোর্স তৈরি করবে না, বরং, এই সংকট নিরসনে সমাধান তৈরিতে সাহায্য করবে, যা লং আইল্যান্ড এবং পুরো স্টেটে সকল বয়সের অনেক ব্যক্তিকে পীড়িত করেছে।"

অ্যাসেম্বলিমেন্টার ডিডি ব্যারেট বলেন, "সাইবার বুলিয়িং এর কোন ভৌগোলিক, উৎপত্তিগত, জাতিগত, ধর্মীয়, সামাজিক বা রাজনৈতিক সীমারেখা নেই, এবং অল্প বয়স্কদের উপর এর ধ্বংসাত্মক প্রভাব মহামারীর সময়ে আশঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে যেহেতু সবাই আরও বেশি সময় অনলাইনে কাটিয়েছে। এই বিলটিতে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, বিশেষ করে জাতীয় নিপীড়ন প্রতিরোধ মাসে (National Bullying Prevention Month), যাতে আমরা সমর্থন এবং বর্ধিত সচেতনতার সাথে এই মারাত্মক ধারার গতিপথ বদলাতে পারে।"

অ্যাসেম্বলিমেন্টার কেনেথ জেব্রোস্কি বলেন, "সেক্সটর্শন একটি খুবই সমস্যামূলক অপরাধ যেখানে একজন ব্যক্তি, জবরদস্তির মাধ্যমে আরেকজনকে অন্তরঙ্গ ছবি তৈরিতে বাধ্য করা যা অপরাধমূলক কার্যক্রমকে আরও বাড়াতে ব্যবহার ক্রিয়া হয়। দণ্ডবিধিতে স্পষ্টতা না থাকার কারণে, এই ধরনের অপরাধগুলি অনেক সময়ই বিচারের আওতাধীন হয় না; যার ফলে এই ঘটনা অপরাধগুলির অপরাধীদের এই কাজ চালিয়ে যেতে কোন বাধা থাকে না। জবরদস্তি আইনে স্পষ্টভাবে অন্তরঙ্গ ছবি তৈরি এবং বিতরণকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে এই আইন সেই ফাঁক পূরণ করে। এই অর্থবহ বিলটি স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

জেনিফার বেকার, লিগাল মোমেন্টামের ডেপুটি লিগাল ডিরেক্টর অ্যান্ড সিনিয়র অ্যাটর্নি বলেন, "সেক্সুয়াল এক্সটর্শন বা যৌন চাঁদাবাজি এবং জবরদস্তি নির্যাতনের একটি বর্ধমান ধরণ, যা প্রযুক্তি এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের সহজলভ্যতা এবং বৃদ্ধির মাধ্যমে প্রসারিত হয়। জবরদস্তি এবং চাঁদাবাজির মাধ্যমে সংগৃহীত আপত্তিকর যৌন ছবিকে অপরাধের আওতায় আনা নিউ ইয়র্ক স্টেট কর্তৃক আরেকটি সম্মুখ পদক্ষেপ এবং আমরা আশা করবো যে অন্যান্য স্টেটও এই মডেল অনুসরণ করবে। সেক্সটর্শনের অনেক ভুক্তভোগী - অসমানুপাতিক হারে অল্প বয়সী নারী - অনলাইনে লক্ষ্য পরিণত হন এবং জবরদস্তিমূলকভাবে যৌন ছবি তৈরি এবং পাঠাতে বাধ্য হন, যা নির্যাতনের একটি দীর্ঘ এবং ক্ষতিকারক চক্রের শুরু হতে পারে। গভর্নর হোকল এবং সিনেটর ব্রুক এবং অ্যাসেম্বলিমেন্টার জেব্রোস্কির প্রচেষ্টার কল্যাণে নিউ ইয়র্কবাসীদের অপরাধীদের দায়বদ্ধ করার হাতিয়ার রয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)